

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৪১০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩৮. সূরা সাদ এ সিজদা সম্পর্কে।

باب السُّجُودِ فِي { ص }

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، - يَعْنِي ابْنَ الْحَارِثِ - عَنْ ابْنِ أَبِي هِلَالٍ، عَنْ عِيَّاضِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَعْدِ بْنِ أَبِي سَرْحٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّهُ قَالَ قَرَأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ عَلَى الْمِنْبَرِ (ص) فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ نَزَلَ فَسَجَدَ وَسَجَدَ النَّاسُ مَعَهُ فَلَمَّا كَانَ يَوْمَ آخِرِ قَرَأَهَا فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ تَشَزَّنَ النَّاسُ لِلْسُّجُودِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " إِنَّمَا هِيَ تَوْبَةٌ نَبِيٍّ وَلَكِنِّي رَأَيْتُكُمْ تَشَزَّنْتُمْ لِلْسُّجُودِ " . فَنَزَلَ فَسَجَدَ وَسَجَدُوا .

বাংলা

১৪১০. আহমাদ ইবন সালেহ (রহঃ) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম মিস্রের উপর অবস্থান কালে সূরা সাদ তিলাওয়াত করেন। তিনি সিজদার আয়াতে পৌঁছে মিস্র হতে অবতরণ করে সিজদা আদায় করেন। ঐ সময় লোকেরাও তাঁর সাথে সিজদা আদায় করে। অতঃপর দ্বিতীয় দিনও তিনি উক্ত সূরা পাঠ করেন এবং যখন সিজদার আয়াতের নিকটবর্তী হন, তখন লোকেরা সিজদার জন্য প্রস্তুতি গ্রহণ করতে থাকে। এমতাবস্থায় তিনি বলেনঃ এটা নবীর জন্য তওবাস্বরূপ। অথচ আমি তোমাদেরকে এর জন্য সিজদা দেয়ার উদ্দেশ্যে প্রস্তুতি নিতে দেখছি। অতঃপর তিনি মিস্রের উপর হতে অবতরণ করে লোকদের নিয়ে সিজদা করেন।

English

Narrated Sa'id al-Khudri:

The Messenger of Allah (ﷺ) recited surah Sad on the pulpit. When he reached the place of prostration (in the surah), he descended and prostrated himself and the people prostrated with him. When the next day came, he

recited it. When he reached the place of prostration (in the surah), the people became ready for prostration. Thereupon the Messenger of Allah (ﷺ) said: This is the repentance of a Prophet ; but I saw you being ready for prostration. So he descended and prostrated himself and the people prostrated along with him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33291>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন